# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫২

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. উযূর বিবরণ - কুলি করা ও নাকে পানি দেয়ার পদ্ধতি

---

আরবী

وَعَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفٍ, عَنْ أَبِيهِ, عَنْ جَدِّهِ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم يَفْصِلُ بَيْنَ الْمَضْمَضَةِ وَالِاسْتِنْشَاقِ. أَخْرَجَهُ أَبُو دَاوُدَ بِإِسْنَادِ ضَعِيفٍ

ضعيف. رواه أبو داود (139)

বাংলা

৫২। ত্বালহা বিন মুসরিফ হতে বর্ণিত। তিনি (রাঃ) তাঁর পিতা থেকে, তিনি তাঁর দাদা (কাব বিন ’আমর হামদানী) হতে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কুলি করা ও নাকে পানি দেয়ার ক্ষেত্রে পার্থক্য করতে দেখেছি। (অর্থাৎ দুই কাজে আলাদা আলাদা পানি ব্যবহার করতেন)। আবূ দাউদ এটি দুর্বল সানাদে বর্ণনা করেছেন।”[1]

## English

Narrated Talha bin Musarrif, quoting his father on the authority of his grandfather:
“I saw Allah’s Messenger (ﷺ) rinsing his mouth and sniffing up and blowing his nose with separate scops of water.” [Reported by Abu Da’ud with a weak chain of narrators].

ফুটনোট

[1] যঈফ। আবু দাউদ (১৩৯), ইবনুল মুলকিন তাঁর খুলাসা আল বাদারুল মুনীর (১/৩২) গ্রন্থে হাদীসটিকে দুর্বল

বলেছেন, আর তিনি একই গ্রন্থে (২/১০৪) এবং তুহফাতুল মুহতাজ (১/১৮২) গ্রন্থে বলেন, হাদীসটি দুর্বল, কেননা প্রসিদ্ধ মুহাদ্দিসগণের নিকট লাইস বিন আবু সুলাইম দুর্বল বর্ণনাকারী হিসেবে পরিগণিত। ইমাম তাঁর খুলাসা (১/১০১) গ্রন্থে একে দুর্বল বলেছেন আর আল মাজমু (১/৩৮৫) গ্রন্থে বলেছেনঃ এর সনদ শক্তিশালী নয়। ইমাম সনআনী তাঁর সুবুলুস সালাম (১/৮২) গ্রন্থে বলেন, এর সনদে লাইস বিন আবু সুলাইম রয়েছেন যিনি দুর্বল বর্ণনাকারী। ইমাম শওকানী তাঁর সাইলুল জাররার গ্রন্থে বলেন, এ হাদীসটিকে মুসরিফ ওয়ালিদ তলহার অজ্ঞতার কারণে ত্রুটিপূর্ণ মনে করা হয়। কিন্তু ইবনুস সালাহ এর সনদকে হাসান বলেছেন .......... ।

মুহাদিস আযীমাবাদী তাঁর গায়াতুল মাকসূদ (১/৪০৪), আওনুল মা’বুদ (১/১১৭) গ্রন্থেও হাদীসটিকে দুর্বল বলেছেন। শাইখ আলবানী যঈফ আবু দাউদ (১৩৯) গ্রন্থে একে দুর্বল বলেছেন। ইবনু হাজার তাঁর আত তালখীসুল হাবীর (১/১১৫) গ্রন্থে বলেন, এর সনদে লাইস বিন আবু সুলাইম দুর্বল বর্ণনাকারী রয়েছে যাকে ইয়াহইয়া ইবনুল কাত্তান, ইবনু মুঈন, আহমাদ বিন হাম্বাল পরিত্যাগ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ ত্বলহা ইবনু মুসাররিফ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69863

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন